গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
(রাজস্ব শাখা)
www.madaripur.gov.bd

স্মারক নম্বর -০৫.৪১.৫৪০০.১১৫.০২.০৫৯.২৪- ২০৭

০৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ ঃ ২২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ২৫ জুলাই, ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.১২২.১২-২৫৫ নম্বর স্মারক এবং ২৭ ডিসেম্বর ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৫.১৯.৬৩১ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর এর অধীন রাজস্ব প্রশাসনে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য মাদারীপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | নাজির কাম-ক্যাশিয়ার | গ্রেড-১৬<br>(৯৩০০-২২৪৯০/-) | ০১ টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) নির্ধারিত মানদন্ড অনুযায়ী কম্পিউটার ব্যবহারে দক্ষতা। |
| ২। | সার্টিফিকেট সহকারী | গ্রেড-১৬<br>(৯৩০০-২২৪৯০/-) | ০৩ টি | |
| ৩। | সার্টিফিকেট পেশকার | গ্রেড-১৬<br>(৯৩০০-২২৪৯০/-) | ০২ টি | |
| ৪। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেড-১৬<br>(৯৩০০-২২৪৯০/-) | ০৩ টি | |
| ৫। | অফিস সহায়ক | গ্রেড-২০<br>(৮২৫০-২০০১০/-) | ৪৫ টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬। | নিরাপত্তা প্রহরী | গ্রেড-২০<br>(৮২৫০-২০০১০/-) | ০২ টি | |

## শর্তাবলী

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও মাদারীপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত আবেদন ফরমটি **www.madaripur.gov.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩। আবেদন ফরম কম্পিউটারে টাইপ করে/ হাতে পূরণ করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে স্ব-হস্তে তারিখসহ স্বাক্ষর প্রদান করতে হবে।

৪। নির্ধারিত আবেদন ফরমে নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

৫। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৬। দরখাস্ত আগামী ২৭ মার্চ ২০২৪ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে জেলা প্রশাসক, মাদারীপুর বরাবর ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি/হাতে হাতে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

৭। **জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুরের গত ২৯-১২-২০১৬ তারিখের ০৫.৪১.৫৪০০.১০৮.০৬.০০৭.১৬-৪৭২ নম্বর স্মারক এবং ১৭-০২-২০২১ তারিখের ০৫.৪১.৫৪০০.১১৫.০২.০৫৯.২১-২৯২ নম্বর স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক ইতোপূর্বে যারা অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।**

৮। আবেদন পত্রের সাথে নিম্মোক্ত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবে ঃ
(ক) প্রার্থীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙিন (১.৫×১.৯ ইঞ্চি) ছবি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

(খ) ক্রমিক নম্বর ১ হতে ৪ পর্যন্ত পদের জন্য ২০০ (দুইশত) টাকা এবং ক্রমিক নম্বর ৫ হতে ৬ পর্যন্ত পদের জন্য ১০০ (একশত) টাকা ট্রেজারি চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ (কোড নং-১-০৭৪২-০০০০-২০৩১) সোনালী ব্যাংকের যে কোন শাখায় প্রদেয় ট্রেজারি চালানের মূল কপি (১ম কপি)।

(গ) প্রবেশপত্র ইস্যুর সুবিধার্থে পদের নাম ও প্রার্থীর নাম ঠিকানা লিখিত ৬/- টাকার ডাক টিকিট লাগানো ১০"×৪"একটি ফেরত খাম।

(ঘ) প্রার্থীর বয়স ২৭ মার্চ ২০২৪ তারিখে অবশ্যই ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়স সীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। তবে মুক্তিযোদ্ধার নাতি/নাতনির ক্ষেত্রে বয়স ৩০ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(ঙ) খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

(চ) বিভাগীয় (চাকুরিরত প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য) প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।

(ছ) লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১ (এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল ব্যবহার করতে হবে।

(জ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে উল্লিখিত সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করবেন।

(ঝ) সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/উপজাতি প্রার্থীর জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে।

(ঞ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী চাকুরী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না।

(ট) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৯। বিলম্বে প্রাপ্ত দরখাস্ত এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। কর্তৃপক্ষ সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। কোন তথ্য গোপন করে ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে চাকুরী জীবনের যে কোন পর্যায়ে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না। কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৩। বিজ্ঞাপনে উল্লিখিত পদে চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৪। নিয়োগের যে কোনো পর্যায়ে কোন অস্পষ্টতা বা জটিলতার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।

22-12-24

(মোহাম্মদ মারুফুর রশিদ খান)
জেলা প্রশাসক
মাদারীপুর
ফোনঃ ০২৪৭৮৮১০৭৭৭
dcmadaripur@mopa.gov.bd